# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

## হাদিস নাম্বারঃ ৫৯০১

পর্ব-২৯: চারিত্রিক গুণাবলি ও মর্যাদাসমূহ (كتاب الْفَضَائِل وَالشَّمَائِل)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ - মু'জিযার বর্ণনা

### الفصل الاول (بَاب فِي المعجزا)

---

আরবী

وَعَنْ أَبِي سَعِيدٍ الْخُدْرِيِّ قَالَ: خَرَجْنَا مَعَ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ حَتَّى قَدِمْنَا عُسْفَانَ فَأَقَامَ بِهَا لَيَالِيَ فَقَالَ النَّاس: مَا نَحن هَهُنَا فِي شَيْءٍ وَإِنَّ عِيَالَنَا لَخُلُوفٌ مَا نَأْمَنُ عَلَيْهِمْ فَبَلَغَ ذَلِكَ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ: «وَالَّذِي نَفْسِي بِيَدِهِ مَا فِي الْمَدِينَةِ شِعْبٌ وَلَا نَقْبٌ إِلَّا عَلَيْهِ مَلَكَانِ يَحْرُسَانِهَا حَتَّى تَقْدَمُوا إِلَيْهَا» ثُمَّ قَالَ: «ارْتَحِلُوا» فَارْتَحَلْنَا وَأَقْبَلْنَا إِلَى الْمَدِينَةِ فَوَالَّذِي يُحْلَفُ بِهِ مَا وَضَعْنَا رِحَالَنَا حِينَ دَخَلْنَا الْمَدِينَةَ حَتَّى أَغَارَ عَلَيْنَا بَنُو عَبْدِ اللَّهِ بْنِ غَطَفَانَ وَمَا يُهَيِّجُهُمْ قَبْلَ ذَلِكَ شَيْءٌ. رَوَاهُ مُسْلِمٌ

رواه مسلم (475 / 1374)، (3336) ـ

(صَحِيح)

বাংলা

৫৯০১-[৩৪] আবূ সাঈদ আল খুদরী (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, একবার আমরা নবী (সা.) এর সাথে মক্কাহ হতে মদীনার উদ্দেশে রওয়ানা হলাম। পরিশেষে আমরা ’উসফান নামক স্থানে পৌছলে তিনি (সা.) এখানে কয়েকদিন অবস্থান করলেন। তখন লোকেরা (মুনাফিকগণ) বলল, এখানে অনর্থক আমাদের পড়ে থেকে কি লাভ? অথচ আমাদের পরিবার-পরিজন পিছনে রয়েছে। আমরা তাদের ক্ষেত্রে আশঙ্কামুক্ত নই। এ কথাটি নবী (সা.) - এর কাছে পৌছলে তিনি বললেন, সে সত্তার শপথ! যার হাতে আমার প্রাণ! মদীনার এমন কোন রাস্তা বা গলি নেই, যেখানে তোমাদের প্রত্যাগমন অবধি দু’ দু’জন মালাক (ফেরেশতা) তাকে পাহারা দিচ্ছে না। অতঃপর তিনি (সা.) রওয়ানা হওয়ার নির্দেশ দিলেন। তাই আমরা রওয়ানা হয়ে মদীনায় এসে পৌছলাম। সে সত্তার শপথ করে বলছি, যাঁর নামে শপথ করা হয়, আমরা মদীনায় প্রবেশ করে তখনো আমাদের হাওদা খুলে মাল-সামান নামিয়ে রাখিনি, এমন সময় আকস্মাৎ ’আবদুল্লাহ ইবনু গাতফান বংশধরের লোকেরা অতর্কিত আমাদের ওপর আক্রমণ করে বসল। অথচ আমাদের প্রত্যাবর্তনের পূর্বে কিছুই তাদেরকে আক্রমণের জন্য উস্কানি দেয়নি। (মুসলিম)

## ফুটনোট

সহীহ: মুসলিম ৪৭৫-(১৩৭৫), আস সুনানুল কুবরা লিল বায়হাকী ১০২৭৪।

## ব্যাখ্যা

ব্যাখ্যা: উক্ত হাদীসে উল্লেখিত ‘উসফান' নামক জায়গাটি মক্কাহ্ থেকে দুই মঞ্জীল (স্টেশন) দূরে অবস্থিত। জনৈক ব্যাখ্যাকারী বলেন, 'উসফান হলো মদীনার নিকটবর্তী একটি জায়গা।
আযহার গ্রন্থের লেখক বলেন, এ পরিচয়টি ভুল। বরং সঠিক কথা হলো তা মক্কাহ্ থেকে দুই স্টেশন দূরে অবস্থিত একটি জায়গা। যখন রাসূলুল্লাহ (সা.) সেখানে কয়েকদিন অবস্থান করলেন তখন কিছু মুনাফিক এবং দুর্বল ঈমানের অধিকারী ব্যক্তিরা বলাবলি করতে লাগল যে, আমাদের বাড়ীতে পুরুষবিহীন মহিলারা অবস্থান করছে। তাদের ব্যাপারে আমাদের আশংকা হচ্ছে।
(حِينَ دَخَلْنَا الْمَدِينَةَ حَتَّى أَغَارَ عَلَيْنَا) অর্থাৎ আমরা মদীনায় প্রবেশ করা মাত্রই বানূ ‘আবদুল্লাহ ইবনু গাতফান হামলা করে বসল। মিরকাত প্রণেতা বলেন: এখান থেকে বুঝা যায় যে, মদীনায় পুরুষদের অনুপস্থিতিকালে মালায়িকাহ্ (ফেরেশতারা) তাদের বাড়ির লোকেদেরকে পাহারা দিয়ে রেখেছিল। অতএব যখন পুরুষেরা মদীনায় পৌছল তখন মালায়িকাহ্ চলে গেলেন। তারপর বানূ ‘আবদুল্লাহ ইবনু গাত্বফান-এর লোকেরা হামলা করল। (মিরকাতুল মাফাতীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবূ সা’ঈদ খুদরী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=85877

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন